# খামেনির জানাজায় অংশ নিতে ইরান যাচ্ছেন নাসীরুদ্দীন পাটওয়ারী



ছবি: সংগৃহীত

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির জানাজা ও রাষ্ট্রীয় শোক অনুষ্ঠানে অংশ নিতে ইরান সফরে যাচ্ছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। তবে তার সফরের চূড়ান্ত সূচি এখনও নির্ধারণ হয়নি।

এনসিপির মিডিয়া উইং সূত্রে জানা গেছে, মঙ্গলবার (৩০ জুন) ঢাকায় অবস্থিত ইরান দূতাবাসে ভিসার জন্য আবেদন করেন নাসীরুদ্দীন পাটওয়ারী। বুধবার (১ জুলাই) তিনি ভিসা অনুমোদনের খবর পান। বর্তমানে সফরের জন্য বিমান টিকিটের ব্যবস্থা করা হচ্ছে।

একই অনুষ্ঠানে যোগ দিতে জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর একটি প্রতিনিধিদলও ইরান সফর করবে। জামায়াতের নায়েবে আমীর মুজিবুর রহমানের নেতৃত্বাধীন এ দলে রয়েছেন মো. নুরুল আমীন, ড. মো. কেরামত আলী ও এস এম খালিদুজ্জামান।

দীর্ঘ কয়েক দশক ইরানের সর্বোচ্চ নেতা হিসেবে দায়িত্ব পালন করা আয়াতুল্লাহ আলী খামেনি চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি তেহরানে নিজ কার্যালয়ে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক হামলায় নিহত হন।

তাঁর জানাজার আনুষ্ঠানিকতা আগামী ৪ জুলাই রাজধানী তেহরানে শুরু হওয়ার কথা রয়েছে। এরপর রাষ্ট্রীয় কর্মসূচি শেষে ৯ জুলাই উত্তর-পূর্বাঞ্চলের পবিত্র শহর মাশহাদে, তাঁর জন্মস্থানে দাফন সম্পন্ন হবে।